



বাংসরিক বাজেট  
২০২২-২৩

পরিকল্পনা বিভাগ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

---

[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

বাংসরিক বাজেট  
২০২২-২৩

পরিকল্পনা বিভাগ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

---

[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

# বাংসরিক বাজেট

২০২২-২৩

## সূচিপত্র

---

		পৃষ্ঠা নং
ক.	মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)	: ১
খ.	সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)	: ১১
গ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবি (পরিচালন ও উন্নয়ন)	: ১৫
ঘ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবি (পরিচালন)	: ২১
ঙ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবি (উন্নয়ন)	: ২৯

ক. বাজেট কাঠামো (MBF)

মঞ্জুরি নং- ১১  
১১৪ - পরিকল্পনা বিভাগ  
মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
		২০২৩-২৪	২০২৪-২৫
পরিচালন ব্যয়	৯১,৬৬,০০	১০০,৮২,০০	১১০,৯১,০০
উন্নয়ন ব্যয়	১২৭২,২৪,০০	১২৪,৫৬,০০	১৩৭,০২,০০
মোট	১৩৬৩,৯০,০০	২২৫,৩৮,০০	২৪৭,৯৩,০০
আবর্তক	১৬৭,২৯,০০	১৩৫,২৩,০৮	১১১,৬৮,৭৭
মূলধন	১১৯৬,৩১,০০	৮৯,৭৯,৯২	১৩৫,৮৪,২৩
আর্থিক সম্পদ	৩০,০০	৩৫,০০	৪০,০০
দায়	০	০	০
মোট	১৩৬৩,৯০,০০	২২৫,৩৮,০০	২৪৭,৯৩,০০

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

## ১.১ মিশন স্টেটমেন্ট

অংশগ্রহণমূলক জাতীয় কৌশল ও উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে দেশের টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

## ১.২ প্রধান কার্যাবলি

- ১.২.১. দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন;
- ১.২.২. উন্নয়ন প্রকল্পের প্রস্তাব প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন;
- ১.২.৩. জাতীয় পরিকল্পনা, নীতিমালা ও কৌশল অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন;
- ১.২.৪. আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণা কার্যক্রম গ্রহণ ও গবেষকদের প্রণোদনা প্রদান, কার্যকর পরিকল্পনা ও উন্নয়নে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, জরিপ ও অনুসন্ধান কার্যক্রম গ্রহণ এবং প্রতিবেদন/জার্নাল প্রকাশ ;
- ১.২.৫. প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন;
- ১.২.৬. প্রকল্প সংক্রান্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. কার্যকর জাতীয় কৌশলগত পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ	<ul style="list-style-type: none"> <li>বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন, হালনাগাদকরণ ও পর্যালোচনা</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>পরিকল্পনা কমিশন</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>একনেক ও এনইসি সভার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ ব-হীপ পরিকল্পনা-২১০০ বাস্তবায়নে সহযোগিতা প্রদান</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>প্রস্তাবিত প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>পিইসি, এসপিইসি ও এডিপি পর্যালোচনা সভার আয়োজন, অনুষ্ঠান এবং পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি সভায় অংশগ্রহণ</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গবেষণা কার্যক্রমে প্রণোদনা প্রদান</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>আর্থ-সামাজিক বিষয়ের ওপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান/ফলাফল প্রকাশ ও প্রচার</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)</li> </ul>

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

## ৩.১.১ কার্যকর জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: সুখম এবং টেকসই উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার প্রয়োজন অনস্বীকার্য। কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে ক্রমাগতই বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন হচ্ছে। এতে দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী জনগোষ্ঠী উল্লেখযোগ্য হারে হ্রাস পাচ্ছে এবং আশা করা যাচ্ছে ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের অবসান এবং ২০৪১ সালের মধ্যে দারিদ্র্য ও শতাংশের নীচে নামিয়ে আনা সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এসডিজি বাস্তবায়নের ফলে নারীর প্রতি বৈষম্য ক্রমাগতই হ্রাস পাচ্ছে। আয়বর্ধক কার্যক্রমে নারীর অংশগ্রহণ এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর সম্পৃক্ততা বৃদ্ধি পাচ্ছে। ফলে উন্নয়নের মূলস্রোতধারায় নারীর অংশগ্রহণ এবং ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে।

